

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১১/০৯/২০২৫ খ্রি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৩ সনের অনার্স ২য়বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের

অনার্স ৩য় বর্ষে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি-২০২৪

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ইডেন মহিলা কলেজ হতে ২০২৩ সনের অনার্স ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ৩০/০৯/২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বেতন ও সেশন চার্জ জমা দিয়ে অনার্স ৩য়বর্ষে ভর্তি হওয়ার জন্য বলা হলো। ২০১৯-২০২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষে যারা ৩য়বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদেরও ২০২৪ সনের অনার্স ৩য়বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ৩য়বর্ষে পুনঃ ভর্তি হতে হবে।


২০২৪ সনের অনার্স ৩য় বর্ষ সেশন ফি বিভাগওয়ারী:

| নং | বিভাগের নাম | সেশন ফি | নং | বিভাগের নাম | সেশন ফি |
|----|---------------------------------|---------|----|---------------------------|---------|
| ০১ | বাংলা বিভাগ | ৩৩৮৫/- | ১৩ | হিসাববিজ্ঞান বিভাগ | ৩৩৮৫/- |
| ০২ | ইংরেজি বিভাগ | ৩৩৮৫/- | ১৪ | ব্যবস্থাপনা বিভাগ | ৩৩২৫/- |
| ০৩ | ইতিহাস বিভাগ | ৩৩৮৫/- | ১৫ | পদার্থ বিজ্ঞান বিভাগ | ৩৪৮৫/- |
| ০৪ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ | ৩৩৮৫/- | ১৬ | রসায়ন বিভাগ | ৩৪৮৫/- |
| ০৫ | দর্শন বিভাগ | ৩৩৮৫/- | ১৭ | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ | ৩৩৬৫/- |
| ০৬ | ইসলামিক শিক্ষা বিভাগ | ৩৩৮৫/- | ১৮ | প্রাণিবিদ্যা বিভাগ | ৩৩৬৫/- |
| ০৭ | রাষ্ট্রবিজ্ঞান বিভাগ | ৩৩৮৫/- | ১৯ | ভূগোল ও পরিবেশ বিভাগ | ৩৩৬৫/- |
| ০৮ | সমাজবিজ্ঞান বিভাগ | ৩৩৮৫/- | ২০ | মনোবিজ্ঞান বিভাগ | ৩৪২৫/- |
| ০৯ | সমাজকর্ম বিভাগ | ৩৩৮৫/- | ২১ | গার্হস্থ্য অর্থনীতি বিভাগ | ৩৪২৫/- |
| ১০ | অর্থনীতি বিভাগ | ৩৩৮৫/- | ২২ | গণিত বিভাগ | ৩৫৪৫/- |
| ১১ | মার্কেটিং বিভাগ | ৩৩৮৫/- | ২৩ | পরিসংখ্যান বিভাগ | ৩৪২৫/- |
| ১২ | ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ | ৩৩৮৫/- | | | |

প্রযোজ্য ক্ষেত্রে টার্ম পেপার, প্রজেক্ট, ফিল্ডওয়ার্ক ফি সংশ্লিষ্ট বিভাগ নগদ আদায় করে পরীক্ষার ফরম পূরণের পূর্বে কার্যক্রম সম্পন্ন করবেন।

শর্তাবলি:

- ১। ফি জমাদানের নিয়মাবলি: ভর্তি ফি “উপায়/বিকাশ/রকেট/এমক্যাশ/সেলফিন (Biller ID: Eden Mohila College)” এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করতে হবে। ছাত্রীর ফি পেমেন্ট আইডি হিসেবে তার ঢাবি: রেজিস্ট্রেশন নম্বর ব্যবহৃত হবে। শিক্ষার্থীদের কার্য সম্পাদনে কোন সমস্যা হলে বিভাগ ও অফিস সহযোগিতা প্রদানে বাধ্য থাকবে।
 - ২। প্রকাশিত পরীক্ষার ফলাফলের অনলাইন কপি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। ফলাফলের কপি জমা না দিলে ভর্তি ফি জমা দেয়া সম্ভব হবে না। শিক্ষার্থীরা ফি জমাদানের রশিদ ০১ কপি বিভাগে অবশ্যই জমা দিতে হবে। (বিভাগ তা সংরক্ষণ করবেন)।
 - ৩। বিভাগের করণীয়: শিক্ষার্থীর ফলাফলের কপি উত্তীর্ণ হয়েছে কিনা দেখে প্রমোশনের জন্য এসাইন করবেন। এসাইন করার পূর্বে দেখে নিতে হবে ছাত্রীর রোল নম্বরের সাথে মেচ করে রেজিস্ট্রেশন নম্বর দেয়া আছে কিনা। যদি দেয়া না থাকে তাহলে প্রথমে রেজিস্ট্রেশন নম্বর আপডেট করে তার পর প্রমোশনের জন্য এসাইন করবেন। ছাত্রীর রেজিস্ট্রেশন নম্বর আপডেট করার নিয়ম পূর্বে দেয়া হয়েছে, কোন বিভাগ এসাইন করতে না পারলে হিসাব শাখায় যোগাযোগ করবেন।
- বিঃ দ্রঃ কোন শিক্ষার্থী যথাসময়ে ভর্তি না হলে ইনকোর্স, নির্বাচনী ও চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।


১১/০৯/২৫
(অধ্যাপক ড. শামছুন নাহার)
অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। সংরক্ষণ নথি।

